

# দাতা সংস্থার মাঠ পরিদর্শন এর

## প্রতিবেদন

|              |  |
|--------------|--|
| তারিখ        | : ৫ মার্চ ২০১৮                         |
| স্থান        | : রাণীশংকৈল ও বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও |
| অংশগ্রহনকারী | : সিএসও সদস্য, প্রকল্প কর্মী           |

ইউরোপিয়ান ইউনিয়ন এবং নেটজ-বাংলাদেশ এর সহযোগীতায় মানব কল্যাণ পরিষদ-এমকেপি কর্তৃক বাস্তবায়িত “সিভিল সোসাইটি অর্গানাইজেশন স্ট্রেনদেন ডেমোক্রেটিক গভর্নেন্স” প্রকল্পের কার্যক্রম পরিদর্শনে জার্মান বাংলাদেশ প্রতিনিধি, নেটজ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, নির্বাহী পরিচালক, নেটজ-বাংলাদেশ এর উপ-পরিচালক এবং প্রোগ্রাম ম্যানেজার ৫ মার্চ ঠাকুরগাঁও এ আসেন।



পরিদর্শন দলটি দুটি ভাগে ভাগ হয়ে সকাল ১০.০০ টায় একটি দল বালিয়াডাঙ্গী উপজেলার চাড়োল ইউনিয়নের পরদেশীপাড়া সিএসও কমিটির মাসিক সভা পরিদর্শন করেন এবং আর একটি দল বালিয়াডাঙ্গী উপজেলার ভানোর ইউনিয়নের ইউনিয়নয় সিএসও সদস্য এবং নির্বাচিত প্রতিনিধিগণের সাথে মতবিনিময় সভা করেন। সভাসমূহে পরিদর্শকগণ সিএসও সদস্যগণের সিএসও কার্যক্রম এবং উদ্যোগ সম্পর্কে তাঁদের কাছে জানতে চাইলে সদস্যগণ ও উপস্থিতগণ বিস্তারিতভাবে সেগুলো উপস্থাপন করেন। ভানোর ইউনিয়নের দলটি মতবিনিময় সভা শেষে দুপুর ১২.০০ টায় বালিয়াডাঙ্গী উপজেলার ধনতলা ইউনিয়নের সিন্ধিরপিন্ডি গ্রাম পরিদর্শনে যান সেখানে সিন্ধিরপিন্ডি সিএসও কর্তৃক প্রাপ্ত ১৪ লক্ষ টাকা মূল্যের কৃষি উপকরণসমূহ দেখেন এবং তাদের সফলতার গল্প শোনেন। এরপর দুপুর ২.০০ টায় বালিয়াডাঙ্গী প্রকল্প কার্যালয়ে প্রকল্প কর্মীদের সাথে কর্মী সভা অনুষ্ঠিত হয়। সভায় পরিদর্শক দল ছাড়াও মানব কল্যাণ পরিষদ এর পরিচালক উপস্থিত ছিলেন। এখানে পরিদর্শক দলের সদস্যগণ প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য এবং প্রকল্পের চলমান অগ্রগতি ও আগামী পরিকল্পনা নিয়ে আলোচনা করেন। এরপর বিকাল ৩.৩০ মিনিটে রাণীশংকৈল উপজেলা হলরুমে সরকারী কর্মকর্তাগণ, জনপ্রতিনিধি ও উপজেলা সিএসও সদস্যগণের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় মাননীয় সংসদ সদস্য জনাব সেলিনা জাহান লিটা, উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিতগণ সিএসও এবং সরকারী কর্মকর্তাগণের সমন্বয়ে কিভাবে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে ও সাধারণ মানুষ লাভবান হচ্ছে তা উপস্থাপিত হয়। এই কার্যক্রমের মধ্য দিয়ে দিন ব্যাপী পরিদর্শন সমাপ্তি হয়।